# এইচএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

অর্থনীতি-প্রথম পত্র

বিষয় কোড : ১ ০ ৯

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১ ▶ নির্দিষ্ট সম্পদের অধীনে একজন উৎপাদকের 'X' ও 'Y' দ্রব্য উৎপাদনের বিভিন্ন সংমিশ্রণ নিম্নের তালিকায় দেয়া হলো:

| X দ্রব্য (একক) | Y দ্রব্য (একক) |
|---|---|
| ০ | ৬০০ |
| ১০০ | ৫০০ |
| ২০০ | ৩০০ |
| ৩০০ | ০ |

ক. ব্যষ্টিক অর্থনীতি কী? ১

খ. অর্থনীতিতে সকল অভাব এক সাথে পূরণ করা সম্ভব হয় না কেন? ২

গ. উদ্দীপকের ভিত্তিতে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন করো। ৩

ঘ. (X = ১০০, Y = ৪০০) সংমিশ্রণটি উৎপাদন করা যৌক্তিক হবে কিনা ব্যাখ্যা করো। ৪

২ ▶ নিচের সূচিটি লক্ষ করো এবং প্রশ্নের উত্তর দাও:

| লিচুর পরিমাণ (একক) | প্রান্তিক উপযোগ (টাকায়) | মোট উপযোগ (টাকায়) |
|---|---|---|
| ১ম | ৫ | ৫ |
| ২য় | ৪ | ৯ |
| ৩য় | ৩ | ১২ |
| ৪র্থ | ০ | ১২ |
| ৫ম | −২ | ১০ |

ক. উপযোগ সূচি কাকে বলে ? ১

খ. মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের মধ্যে প্রধান একটি পার্থক্যের বর্ণনা দাও। ২

গ. উপরের সূচি থেকে লিচুর প্রান্তিক উপযোগ রেখাচিত্রের মাধ্যমে দেখাও। ৩

ঘ. 'সময়ের পরিবর্তন হলে প্রান্তিক উপযোগ হ্রাস না পেয়ে বৃদ্ধি পায়'-উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৩ ▶ সুজন বাজারে গিয়ে দেখে আলুর দাম প্রতি কেজি ২৫ টাকা। সে ১২০ কেজি আলু কিনে, কিন্তু করিম একই দামে ১৬০ কেজি আলু বিক্রি করতে চায়। পরদিন আলুর দাম কমে ২০ টাকা হওয়ায় সুজন ১৪০ কেজি আলু কেনে এবং করিম ১৪০ কেজি আলু বিক্রি করে।

ক. চাহিদা কাকে বলে? ১

খ. চাহিদা বিধিটি ব্যাখ্যা করো। ২

গ. করিমের আলুর যোগান রেখা অঙ্কন করে ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো সুজন ও করিম আলুর বাজারে ভারসাম্য দামে পৌছাতে পেরেছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪


৪ ▶ রহিম মুন্সির বাড়িতে প্লাস্টিকের ফুল বানানোর একটি কারখানা আছে। গত এক মাসে তার প্লাস্টিকের ফুল বিক্রয়ের আয়-সূচি নিম্নরূপ:

| বিক্রয়ের পরিমাণ (এককে) | দাম (P) (টাকায়) | মোট আয় (TR) (টাকায়) | গড় আয় (AR) (টাকায়) | প্রান্তিক আয় (MR) (টাকায়) |
|---|---|---|---|---|
| 1 | 100 | 100 | 100 | 100 |
| 2 | 90 | 180 | 90 | 80 |
| 3 | 80 | 240 | 80 | 60 |
| 4 | 70 | 280 | 70 | 40 |

http://teachingbd.com

ক. প্রান্তিক আয় কী? ১
খ. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি কৃষিক্ষেত্রে দ্রুত প্রযোজ্য হয় কেন? ২
গ. প্রদত্ত সূচির ভিত্তিতে একটি TR রেখা অঙ্কন করো। ৩
ঘ. একই চিত্রে AR ও MR রেখা অঙ্কন করে তাদের আকৃতি, অবস্থান ও তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৫▶ একটি ফার্মের স্বল্পকালীন ভারসাম্য অবস্থা নিম্নের চিত্রে দেখানো হলো:




ক. ফার্ম কী? ১
খ. একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প অভিন্ন— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে প্রদর্শিত চিত্র থেকে সংশ্লিষ্ট ফার্মটির মুনাফা নির্ণয় করো। ৩
ঘ. গড় খরচ বৃদ্ধি পেয়ে ২০ টাকা হলে ফার্ম উৎপাদন চালিয়ে যাবার ব্যাপারে কী সিদ্ধান্ত নেবে? ৪

৬▶ সাভারের মালেক একজন শ্রমিক হিসেবে বিভিন্ন বাড়িতে কাজ করে। এজন্যে খুব ভোর থেকে সে সাভার বাসস্ট্যান্ডের উত্তরপাশে এসে দাঁড়ায়। সেখানে তার মতো আরও অনেকে কাজ পাওয়ার জন্য অপেক্ষায় বসে থাকে। যারা বাড়িতে কাজ করানোর জন্যে শ্রমিক ভাড়া করে তারা মজুরি নিয়ে দরকষাকষি করলে মালেক তেমন কিছু বলতে পারে না। ফলে অনেক সময় কম মজুরিতেও তাকে কাজ করতে হয়।

ক. শ্রমের যোগান কী? ১
খ. শ্রমের চাহিদা বলতে কী বুঝায়? ২
গ. মালেকের উপার্জিত মজুরিকে প্রকৃত মজুরির সাথে তুলনা করো। ৩
ঘ. মালেক যে বাজারে মজুরি নিয়ে দরকষাকষি করে সে বাজারের বৈশিষ্ট্যগুলো আলোচনা করো। ৪

৭▶ জনাব নোমান একটি কারখানার মালিক। মূলধন ব্যবহারের যথার্থ জ্ঞান না থাকায় তিনি তার কারখানার জন্য অধিক যন্ত্রপাতি ক্রয় করেন। ফলে দৈনন্দিন প্রাতিষ্ঠানিক ব্যয় করার মতো পর্যাপ্ত অর্থ তার হাতে থাকে না।

ক. মূলধনের ভৌগোলিক গতিশীলতা কী? ১
খ. মূলধন গঠন কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন কোন মূলধনের কথা বলা হয়েছে, বৈশিষ্ট্যসহ ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব নোমান কীভাবে তার সমস্যা থেকে বের হয়ে আসতে পারে— মতামত দাও। ৪

৮▶ করিম সাহেব একজন দক্ষ উদ্যোক্তা। তার পর্যাপ্ত মূলধন, ঝুঁকি গ্রহণের ক্ষমতা, একক বুদ্ধিমত্তা, সৃষ্টিশীলতা, দূরদর্শিতা, তত্ত্বাবধান এবং সুষ্ঠু বাজারজাতকরণের ফলে 'A' প্রতিষ্ঠানটির পণ্যটি আজ বিশ্বব্যাপী সমাদৃত। কিন্তু রহিম সাহেব স্বনামধন্য

http://teachingbd.com

'B' প্রতিষ্ঠানের কিছু প্রাথমিক শেয়ার ক্রয়ের মাধ্যমে প্রায় নিশ্চিন্তে জীবনযাপন করছেন। কারণ 'B' প্রতিষ্ঠানের অংশীদারদের ঝুঁকি কম, স্থায়িত্ব অধিক, সীমাবদ্ধ দায় এবং এ কারবারের প্রতি জনগণের আস্থা অধিক থাকে।


ক. এনজিও কী? ১

খ. সংগঠন দৃশ্যমান নয়- বিষয়টি বুঝিয়ে লেখ। ২

গ. 'A' প্রতিষ্ঠানটির তিনটি অসুবিধা উল্লেখ করো। ৩

ঘ. অধিক উৎপাদনশীলতা ও কর্মসংস্থান সৃষ্টিতে 'A' অপেক্ষা 'B' প্রতিষ্ঠানটি অধিক যুক্তিযুক্ত— ব্যাখ্যা করো। ৪

৯ ▶ চিত্রটি লক্ষ করো—




Teachingbd.com

ক. নিট খাজনা কী? ১

খ. খাজনা কেন দেয়া হয়? ২

গ. উপরের রেখাচিত্রে খাজনা নির্ধারণের কোন তত্ত্বটি তুলে ধরা হয়েছে ব্যাখ্যা করো। ৩

ঘ. চিত্রে খাজনার পরিমাণ কত এবং কীভাবে খাজনা নির্ধারিত হয়েছে বিশ্লেষণ করো। ৪

১০ ▶ AD = C + I + G

এখানে, C = বেসরকারি ভোগ ব্যয় $I_g$ = বেসরকারি মোট বিনিয়োগ ব্যয়, G = সরকারি ব্যয়।

ক. সামগ্রিক আয় (AI) বলতে কী বোঝ? ১

খ. দেশীয় নাগরিক কর্তৃক বিদেশ থেকে অর্জিত অর্থ কোন ধরনের হিসাবে অন্তর্ভুক্ত হবে না? ২

গ. উল্লিখিত সমীকরণটি কী বন্ধ অর্থনীতি নির্দেশ করে? ৩

ঘ. বাংলাদেশে কর্মসংস্থান বৃদ্ধিতে কীভাবে সমীকরণটি প্রাসঙ্গিক? তোমার মতামত প্রদান করো। ৪

১১ ▶ আহাদ আশরাফ একটি আর্থিক প্রতিষ্ঠানে চাকরি করেন। এ প্রতিষ্ঠানটি এক শ্রেণির জনগণের কাছ থেকে অর্থ আমানত হিসেবে আদায় করে ব্যবসায়িক উদ্দেশ্যে অপর শ্রেণির লোকদেরকে ঋণ প্রদান করে মুনাফা অর্জন করে থাকে। এ প্রতিষ্ঠানটি বহুমুখী কার্যাবলি সম্পাদন করে একটি দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে নানাভাবে সহায়তা করে থাকে।

ক. মুদ্রা বাজারের অভিভাবক হিসেবে কাজ করে কোন ব্যাংক? ১

খ. কোন ব্যাংককে স্বল্পমেয়াদি ঋণের ব্যবসায়ী বলা হয়? ব্যাখ্যা করো। ২

গ. আহাদ আশরাফ যে প্রতিষ্ঠানটিতে কর্মরত তার ধারণা ব্যাখ্যা করো। ৩

ঘ. আহাদ আশরাফের প্রতিষ্ঠানের সাথে কেন্দ্রীয় ব্যাংকের পার্থক্য বিশ্লেষণ করো। ৪

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০    **অর্থনীতি প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা**    বিষয় কোড: | ১ | ০ | ৯ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. *'Das Capital'* বইটির লেখক কে?**
ক) জে. এম. কেইন্স
খ) এল. রবিন্স
গ) অ্যাডাম স্মিথ
ঘ) কার্ল মার্কস

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২ ও ৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
আমজাদ সাহেবের একটি মেয়ে ও একটি ছেলে। প্রথম সন্তানকে তিনি একটি সরকারি মেডিক্যাল কলেজে ভর্তি করাতে পেরেছেন। কিন্তু অন্য সন্তানটি সরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ না পাওয়ায় তাকে বেসরকারি একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি করাতে বাধ্য হন। কিন্তু বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফি ও অন্যান্য খরচ অনেক বেশি।

**২. অনুচ্ছেদটিতে কোন অর্থব্যবস্থার প্রতি ইঙ্গিত দেয়া হয়েছে?**
ক) ধনতান্ত্রিক    খ) নির্দেশমূলক
গ) মিশ্র    ঘ) ইসলামি

**৩. উক্ত অর্থব্যবস্থার বৈশিষ্ট্য হচ্ছে—**
i. ভোক্তার স্বাধীনতা
ii. ব্যক্তিগত উদ্যোগ
iii. সরকারি উদ্যোগ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**৪. নিচের কোনটি কোনো কোম্পানির অর্থনৈতিক ধ্রুবক বলে বিবেচিত হতে পারে?**
ক) উৎপাদন ব্যয়
খ) উৎপাদিত দ্রব্যের দাম
গ) কারখানাঘর ভাড়া
ঘ) উৎপাদনের পরিমাণ

**৫. কোনটি চাহিদার দাম স্থিতিস্থাপকতার সূত্র?**
ক) $E_p = \frac{\Delta Q}{\Delta P} \cdot \frac{Q}{P}$
খ) $E_p = \frac{\Delta Q}{\Delta P} \cdot \frac{P}{Q}$
গ) $E_p = \frac{\Delta P}{\Delta Q} \cdot \frac{Q}{P}$
ঘ) $E_p = \frac{\Delta P}{\Delta Q} \cdot \frac{P}{Q}$

**৬. $Q = 4 - 0.2P$; এটি কোন ধরনের অপেক্ষক?**
ক) যোগান    খ) চাহিদা
গ) উৎপাদন    ঘ) উপযোগ


**৭. নিচের কোনটি সঠিক?**
ক) $MC = \frac{\Delta TC}{\Delta Q}$
খ) $MC = \frac{\Delta Q}{\Delta TC}$
গ) $MC = \Delta TC \times \Delta Q$
ঘ) $MC = \Delta TC - \Delta Q$

**৮. স্বল্পকালীন উৎপাদনের ক্ষেত্রে কোনটি সঠিক?**
ক) $TC = TVC$
খ) $MC = \frac{TC}{Q}$
গ) $AC = TFC + AVC$
ঘ) $TC = TFC + TVC$

**৯. চিত্রে ফার্মের প্রতি একক দ্রব্যের ক্ষতির পরিমাণ কত?**
ক) OK    খ) $P_0K$
গ) $OQ_0$    ঘ) $Q_0E$

**১০. অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে মুনাফা সর্বোচ্চকরণের শর্ত কোনটি?**
ক) $TR = TC$    খ) $MR = MC$
গ) $MR = AC$    ঘ) $MC = AR$

**নিচের চিত্র থেকে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও:**




**১১. e বিন্দুতে মুনাফার পরিমাণ কত?**
ক) স্বাভাবিক    খ) অস্বাভাবিক
গ) অসীম    ঘ) শূন্য

**১২. চিত্রে AR রেখা ভূমি অক্ষের সমান্তরাল কেন?**
ক) কারণ এটি একচেটিয়া বাজারের বৈশিষ্ট্য
খ) এখানে উৎপাদক দাম নির্ধারণকারী
গ) পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে দাম স্থির থাকে
ঘ) অস্বাভাবিক মুনাফা অর্জিত হওয়ায় উৎপাদক একই দামে স্থির থাকে

**১৩. নিম্নের কোনটি সঞ্চয় করা যায় না?**
ক) মজুরি    খ) খাজনা
গ) অর্থ    ঘ) শ্রম

**১৪. কোনটি শ্রমের চাহিদার নির্ধারক নয়?**
ক) প্রকৃত মজুরি    খ) জনসংখ্যা বৃদ্ধি
গ) দামস্তর    ঘ) মুনাফা

**১৫. শ্রমের বৈশিষ্ট্য হলো—**
i. উৎপাদনের জীবন্ত উপকরণ
ii. সঞ্চয় করা যায় না
iii. যোগান বৃদ্ধি সময় সাপেক্ষ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

Teachingbd.com

১৬. উৎপাদনের যে অংশ পুনরায় উৎপাদন কাজে ব্যবহৃত হয় তাকে কী বলে?

ক ভূমি　　খ শ্রম
গ মূলধন　　ঘ সংগঠন

১৭. জনাব আসলাম একজন ব্যবসায়ী। ব্যবসায়িক উদ্দেশ্যে তিনি চট্টগ্রাম থেকে ঢাকায় মূলধনসামগ্রী স্থানান্তর করেন। জনাব আসলামের মূলধনসামগ্রী স্থানান্তর কোন ধরনের গতিশীলতা?

ক ভৌগোলিক　　খ শিল্পগত
গ স্তরগত　　ঘ আন্তর্জাতিক

১৮. নিচের কোনটি চলতি মূলধনের পর্যায়ভুক্ত?

ক সমুদ্রগামী জাহাজ　　খ দালানকোঠা
গ কাঁচামাল　　ঘ বঙ্গবন্ধু বহুমুখী সেতু

১৯. NGO-এর ক্ষেত্রে কোনটি সঠিক?

ক ঋণ প্রাপ্তির জন্য জামানত প্রয়োজন
খ ঋণের অপরিকল্পিত ব্যবহারে সংকট বাড়ে
গ মহিলারা স্বাবলম্বী হওয়ায় বড় পরিবার গঠনে উৎসাহিত হয়
ঘ প্রদত্ত ঋণ সর্বদা উৎপাদনশীল কাজে ব্যবহার হয়

২০. অংশীদারি কারবারের সদস্য সংখ্যা কত?

ক ২ থেকে ২০ জন　　খ ৭ থেকে ২০ জন
গ ২ থেকে ৫০ জন　　ঘ ৭ থেকে ৫০ জন

**উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও।**

'ক' ও 'খ' দুটি ব্যবসা প্রতিষ্ঠান 'ক' প্রতিষ্ঠানটির পারস্পরিক বিশ্বাসের ওপর প্রতিষ্ঠিত এবং 'খ' প্রতিষ্ঠানটি বাজারে শেয়ার হস্তান্তরের মাধ্যমে মূলধন সংগ্রহ করতে পারে।

২১. 'ক' কোন ধরনের ব্যবসা প্রতিষ্ঠান?

ক প্রাইভেট লিমিটেড কোম্পানি
খ অংশীদারি কারখানা
গ একমালিকানা কারবার
ঘ পাবলিক লিমিটেড কোম্পানি

২২. 'ক' ও 'খ' ব্যবসা প্রতিষ্ঠানের পার্থক্য যথাক্রমে—

i. ন্যূনতম সদস্য ০২ ও ০৭ জন
ii. পর্যাপ্ত ও অপর্যাপ্ত মূলধন
iii. স্থায়িত্ব কম ও বেশি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

২৩. নিম খাজনা দেয়া হয় কেন?

ক জমির উর্বরতা শক্তির জন্য
খ জমির অতিরিক্ত ব্যবহারের জন্য
গ মানবসৃষ্ট উপকরণের সীমাবদ্ধ যোগানের জন্য
ঘ পতিত জমি ব্যবহারের জন্য

২৪. ভূমির খাজনা দেয়া হয়, কারণ—

i. ভূমির যোগান সীমাবদ্ধ
ii. ভূমির উর্বরতার পার্থক্য আছে
iii. ভূমিতে ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বৃদ্ধি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

২৫. ভূমি ব্যবহারের জন্য ভূমির মালিককে কী প্রদান করা হয়?

ক খাজনা　　খ মজুরি
গ সুদ　　ঘ মুনাফা

২৬. CCA কী?

ক Capital Consumption Allowance
খ Cost of Capital in Average
গ Cost of Capital Assumed
ঘ Current Cost of Administration

২৭. সঞ্চয় হিসাব করার সূত্র কোনটি?

ক $S = Y + C$　　খ $S = Y - C$
গ $S = C - Y$　　ঘ $S = C + Y$

২৮. স্বল্পকালীন ভোগ অপেক্ষক কোনটি?

ক $c = -a + by$
খ $c = a - by$
গ $c = a + by$
ঘ $c = -a - by$

**নিম্নের উদ্দীপকটির আলোকে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও—**

জামিলা বেগম একটি সুপার স্টোরে দৈনিক মজুরিতে কাজ করেন। তিনি একটি সঞ্চয়ী হিসাব খোলার জন্য বাংলাদেশ ব্যাংকে গেলেন। কিন্তু সেখানে তিনি হিসাব খুলতে পারলেন না।

২৯. উদ্দীপকের আলোকে জমিলা বেগমের সঞ্চয়ী হিসাব খুলতে না পারার কারণ কোনটি?

ক প্রয়োজনীয় কাগজপত্র না থাকা
খ আমানতের টাকা কম
গ মহিলা হিসাবধারী
ঘ জনগণের সাথে লেনদেন নেই

৩০. দেশের অর্থনীতিতে উদ্দীপকের প্রতিষ্ঠানটির অবদান হচ্ছে—

i. আমানত সংগ্রহ
ii. মুদ্রার মান নিয়ন্ত্রণ
iii. অর্থনৈতিক উন্নয়ন সাধন

নিচের কোনটি সঠিক?

ক i　　খ ii
গ i ও iii　　ঘ ii ও iii

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | খ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

http://teachingbd.com